# কুরআন ও সুন্নাহর আলোকে উমরা করার নিয়ম

বিভাগ/অধ্যায়ঃ ধাপে ধাপে বিবরণ

রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

১. পরিচ্ছন্ন হওয়া, গোসল করা

১. যখন মীকাতে পৌঁছবে তখন উমরাকারীর জন্য মুস্তাহাব হলো গোসল করবে এবং পরিষ্কার-পরিচ্ছন্ন হবে; অনুরূপভাবে উমরা আদায়কারী মহিলাও গোসল করবে এবং পরিষ্কার-পরিচ্ছন্ন হবে, যদিও এ সময় তার হায়েয বা নিফাস থাকে। হায়েয বা নিফাস ওয়ালী মহিলা ইহরাম বাঁধতে পারবে, তবে সে তার হায়েয বা নিফাস থেকে পবিত্র হওয়া ও গোসল না করা পর্যন্ত বায়তুল্লাহর তাওয়াফ করবে না। উমরাকারী পুরুষ গায়ে সুগন্ধি লাগাবে, তবে তার ইহরামের কাপড়ে নয়। যদি মীক্বাতে পৌঁছার পর গোসল করা সম্ভব না হয় তবে তাতে দোষের কিছু নেই। অনুরূপভাবে যদি সম্ভব হয় মক্কায় পৌঁছার পর তাওয়াফ শুরু করার পূর্বে আবার গোসল করে নেয়া মুস্তাহাব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15079

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন